

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-২
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং : পিমু/পিএলসিইএইচডি-২/প্রশা./জনবল নিয়োগ/২-৯/(অংশ-৩)/০৯/১১৫৭

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪১৭বঙ্গাব্দ
০১ জুন ২০১০খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-২ (পিএলসিইএইচডি-২) -এর নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদ পর্যন্ত (জুন ২০১১ অথবা প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হলে বর্ধিত মেয়াদকাল পর্যন্ত) নিয়োগদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং.	পদের নাম, বেতনক্রম, পদের সংখ্যা	বয়স	যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ
১।	প্রজেক্ট অফিসার সর্বসাকুল্য বেতন-১১০৪০/- গ্রেড-৯ পদের সংখ্যা- ১(এক)টি কর্মস্থল : প্রকল্পের জেলা কার্যালয়	অনুর্ধ ৩০ বছর	ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর ৪(চার) বছর কোর্সের অনার্স ডিগ্রী ; খ) কম্পিউটারে পারদর্শী, বিশেষ করে MS Word, Excel.
২।	সহকারী প্রজেক্ট অফিসার সর্বসাকুল্য বেতন-৮৬৬০/- গ্রেড-১০ পদের সংখ্যা- ১৩(তের)টি কর্মস্থল : প্রকল্পের জেলা কার্যালয়	অনুর্ধ ৩০ বছর	(ক) শিক্ষা জীবনে ন্যূনতম দুইটি দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ মাস্টার্স ডিগ্রী অথবা ৪(চার) বছর কোর্সের অনার্স ডিগ্রী। সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে ; খ) কম্পিউটারে পারদর্শী, বিশেষ করে MS Word, Excel.

সাধারণ নির্দেশাবলী

- ০৫/০৭/২০১০ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র বিবেচিত হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- দরখাস্তকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- প্রকল্প পরিচালক, পিএলসিইএইচডি-২, বিএনএফই ভবন, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এর বরাবর ০৫/০৭/২০১০ তারিখের মধ্যে ডাকযোগে নিম্নোক্ত ছক মোতাবেক আবেদনপত্র পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদনপত্রের ছক

পদের নাম	:			
(১) প্রার্থীর নাম	:			
(২) পিতা/স্বামীর নাম	:			
(৩) মাতার নাম	:			
(৪) নিজ জেলা	:			
(৫) স্থায়ী ঠিকানা	:			
(৬) বর্তমান ঠিকানা	:			
(৭) জন্ম তারিখ	:			
(৮) বয়স (০৫/০৭/২০১০ তারিখে):	:	বৎসর	মাস	দিন
(৯) শিক্ষাগত যোগ্যতা	:			

পরীক্ষার নাম	বিষয়	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ

(১০) অভিজ্ঞতা (যদি থাকে):

(১১) ট্রেজারী চালান নম্বরঃতারিখঃ ব্যাংক শাখার নামঃ

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

- সংযুক্তি : ক)
খ)
গ)
ঘ)
ঙ)

৪। আবেদনপত্রের সাথে ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/(একশত) এবং ২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/(পঞ্চাশ) টাকার ট্রেজারী চালান ১-২৪৫০-৫৯৬০-২৬৮১ কোডে জমাদান পূর্বক ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।

৫। সরকারী নীতিমালা মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

৬। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে নিম্নোক্ত সার্টিফিকেট ও কাগজপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে :

- ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা প্রার্থীর পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি ;
- খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
- গ. আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট পদের শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি;
- ঘ. উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি ;
- ঙ. পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্বের সার্টিফিকেট;
- চ. প্রত্যেক আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও ঠিকানা সম্বলিত তিন টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ফেরত খাম;
- ছ. খামের উপর পদের নাম ও প্রকল্পের নাম উল্লেখ করতে হবে;
- জ. প্রকল্পের কাজে অভিজ্ঞ প্রার্থীদের অভিজ্ঞতার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র;
- ঝ. কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে প্রশিক্ষণ সনদের ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি ;
- ঞ. ক্রমিক নং. ১ ও ২ এ বর্ণিত পদের পার্শ্বে উল্লেখিত অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৭। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক প্রার্থীর একত্রে প্রাপ্ত আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১০। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। বর্ণিত পদসমূহের ক্ষেত্রে সাকুল্য বেতন অর্থ বিভাগের এতদসংক্রান্ত সর্বশেষ সার্কুলার মোতাবেক প্রদেয় হবে।

১২। উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংশোধনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্রকল্প পরিচালক